

বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

রেজিঃ অফিস :-
সন্তোষ ক্রীড়া ভবন,
বনমালিপুর, বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

(স্থাপিত- ১৯৪০)
রেজিঃ নং- SO 165180



বুলেটিন

সিটিঅফিস :-
কে.এন.সি.রোড
(হরিতলা মোড়), বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

সংখ্যা- ১

৮৬ তম বর্ষ

ক্রীড়াবর্ষ - ২০২৫-২০২৬

তারিখ : ০৫/০৪/২০২৫

ক্রম সংখ্যা- ১

সংস্থার ৮২তম বার্ষিক সাধারণ সভা

মহকুমা ক্রীড়া সংস্থার ৮২ তম বার্ষিক সাধারণ সভা গত ২৩শে মার্চ ২০২৫(রবিবার) সংস্থার নিজস্ব 'সন্তোষ ক্রীড়া ভবন'-এ সাফল্যের সাথে শুরু হয়ে শেষ হয়েছে। সংস্থার সভাপতি ও কার্যকরী সভাপতির অনুপস্থিতিতে সংবিধান অনুসারে সভা পরিচালনা করার জন্য সংস্থার সহ-সভাপতি শ্রী অজিত সাহার নাম প্রস্তাব করেন শ্রী সুমিত দাশগুপ্ত (সদস্য) মহাশয়, তাঁকে পূর্ণ সমর্থন করেন প্রণয় কুমার বিশ্বাস(সদস্য) মহাশয়। শ্রী অজিত সাহা মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। এই সভায় ৫৬ জন সদস্য উপস্থিত ছিলেন।

প্রথমেই সভার সভাপতি শ্রী অজিত কুমার সাহা মহাশয় সংস্থার সকল সদস্যকে তাদের নিজ নিজ পরিচয় দেবার জন্য অনুরোধ করেন, উপস্থিত সকল সদস্য তাদের নিজ নিজ পরিচয় প্রদান করেন।

সভার শুরুতে সভাপতি মহাশয়ের অনুরোধে উপস্থিত সদস্যরা সংস্থার যে সমস্ত আজীবন সদস্য, খেলোয়াড়গণ, জাতীয় ও আন্তর্জাতিক স্তরের সকল খেলোয়াড়, প্রশিক্ষক ও ক্রীড়া সংগঠকগণ যারা আমাদের ছেড়ে পরলোক গমন করেছেন তাঁদের স্মৃতির উদ্দেশ্যে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

এরপর সভাপতি মহাশয় বার্ষিক সাধারণ সভার ১ নং আলোচ্য সূচি অনুসারে সভা শুরু করার জন্য সংস্থার বর্তমান সম্পাদক মহাশয়কে নির্দেশ দেন।

সম্পাদক মহাশয় তার ভাষণের প্রারম্ভে উপস্থিত সদস্যদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান, এরপর সম্পাদক মহাশয় আলোচ্যসূচির ১ নং সূচি অনুসারে বিগত ৮১তম বার্ষিক সাধারণ সভার কার্য বিবরণী পাঠ করেন। এর উপর আলোচনার জন্য সভাপতি মহাশয় উক্ত কার্যবিবরণীর আলোচনার আহ্বান করেন কিন্তু উপস্থিত সদস্যরা সর্বসম্মতিক্রমে ঐ কার্যবিবরণী অনুমোদন করেন।

আলোচ্যসূচির ২ নং সূচি অনুসারে অতঃপর সম্পাদক মহাশয় বিগত ২০২৪-২৫ ক্রীড়াবর্ষের সম্পাদকীয় প্রতিবেদন পাঠ করেন। প্রথাগত নিয়মানুসারে সভাপতি মহাশয় উক্ত প্রতিবেদনের উপর আলোচনার জন্য উপস্থিত সদস্যদের আহ্বান করেন। প্রথমেই আলোচনা করেন সংস্থার আজীবন সদস্য শ্রী সুধেন্দু মৈত্র মহাশয়। তিনি বলেন, আমাদের ঐতিহ্যবাহী টেবিল টেনিস কেন বন্ধ আছে। সব ক্লাব সংগঠনকে এ ব্যাপারে এগিয়ে আসার জন্য বলেন এবং এর সঙ্গে ব্যাডমিন্টন টাও যাতে চালু করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী বরুণ ভট্টাচার্য (আজীবন সদস্য) বলেন, ক্লাব সংগঠন এবং Life Member উপস্থিতি দিন দিন কমে যাচ্ছে, তাঁদের সভায় উপস্থিত হয়ে নিজস্ব মতামত দেওয়া অবশ্যই প্রয়োজন আছে। সদস্যদের উপস্থিতির হার অবশ্যই বাড়ান দরকার। ক্রীড়া সংস্থার কাজের ব্যাপ্তি অবশ্যই বেড়েছে, তিনি জাতীয় ক্রীড়া দিবস পালনের কথা

বলেন (২৯শে আগস্ট) Nursery Football চালু করা হোক, তিনি নিজে দায়িত্ব নিতে পারেন এর জন্য কিছু মাঠ ব্যবহার করা যেতে পারে।

শংকর নাগ Referee Association -এর সদস্য, তিনি বলেন আগের দিনের রেফারীদের অবদান ভোলার নয়। Referee এবং Umpire দের জন্য ওনাকে ডাকলে সহযোগিতা করতে পারেন।

তাপস ঘোষ, বিবেক সংঘ, তিনি বলেন অল্পবয়স্কদের দেখা যাচ্ছে না। কাছারি মাঠে পিছন দিকে Canal করা হোল কিন্তু জল সরেনি। মাঠের আমূল সংস্কার দরকার। ওনাকে কাজে লাগালে উনি চেষ্টা করবেন। মাঠে জলের জন্য খেলা বন্ধ হলে ক্লাবগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে। মে মাসের মধ্যে খেলা আরম্ভ করলে ভালো হয়, নিয়ম ভেঙ্গে ভলিবলের তৃতীয় পুরস্কার দেওয়া হল কেন?

শ্রী রবীন সুর সুভাষ ক্লাব, তিনি বলেন District Sports Meet থেকে যারা Trophy আনছে তাদের পরিচয় করা দরকার। এ বৎসর Sub Division Dist. Sports এ Runners হয়েছে - তাদের ধন্যবাদ জানাই। এর পাশাপাশি যারা এই Trophy এনেছে তাদের ক্লাবের নাম থাকা উচিত।

রবি নাথ, আগত প্রতিনিধিদের ভালোবাসা ও শুভেচ্ছা জানান, তিনি বলেন কাছারি মাঠ ধ্বংস হবার পথে। সুভাষ মাঠের জন্য ক্রিকেট ভালো চলছে। কাছারি মাঠ সংস্কার করা দরকার। বারাসাত ভেটোরেন্স সদস্যদের অংশগ্রহণ করা দরকার। আমাদের বিন্ডিংটাকে অনুষ্ঠান বাড়ি করে ভাড়া দেওয়া দরকার। ভলিবল কমিটিতে লোকসংখ্যা কম।

পুলক সাহা, সদস্য তিনি বলেন ভলিবল মাঠকে ভালোভাবে পরিচর্যা করা দরকার। এর উন্নতির জন্য খেলাকে এগিয়ে আনতে হবে জানুয়ারি মাসের মধ্যে। এরপর জবাবী ভাষণে সম্পাদক সকল সদস্যের বক্তব্যকে সমর্থন করে জবাবী ভাষণ দেন।

আলোচ্য সূচি ৩ নং সূচি অনুসারে সংস্থার কোষাধ্যক্ষ শ্রী গোপাল ঘোষ মহাশয় ২০২৪-২৫ ক্রীড়াবর্ষের আর্থিক বৎসরের (১লা জানুয়ারী ২০২৪ থেকে ৩১শে ডিসেম্বর) আয়ব্যয়ের হিসাব সহ সংস্থার ৩১শে ডিসেম্বর এর Balance Sheet পাঠ করতে উদ্যত হন, কিন্তু উপস্থিত সদস্যরা একযোগে জানান যে হিসাবের কপি Balance Sheet আমরা হাতে পেয়েছি ইহা পাঠ করার আর প্রয়োজন নেই। উপস্থিত সদস্যরা সর্বসম্মতিক্রমে সংস্থার আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব সহ Balance Sheet অনুমোদন করেন এবং সংস্থার সম্পাদকীয় প্রতিবেদন ও সদস্যরা সবাই হাত তুলে অনুমোদন করেন।

এরপর আলোচ্য সূচির ৪ নং সূচি অনুসারে সংবিধান সংশোধন এর যে প্রস্তাব এখানে রাখা হয়েছে সেটি নির্দিষ্ট সময়ের মধ্যেই এসেছে। গত ৭ই মার্চ ২০২৫ কার্যকরী কমিটির সভায় অনুমোদিত হয়ে পূর্ণ অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করা হয়েছে।

১। বিগত ১৬/০৩/২০২২ কার্যকরী সমিতির সভায় একটি প্রস্তাব অনুমোদিত হয়ে পূর্ণ অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করা হয়েছিল (Proposal টি নিম্নে উল্লেখ আছে) কিন্তু আমার বা আমাদের মহকুমার প্রতিদিনের কাজ কর্মের ক্ষেত্রে ও প্রস্তাবটি আমাদের প্রভূত সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। যেখানে বলা হয়েছে একমাত্র সম্পাদক ছাড়া কার্যকরী কমিটির বাকী সদস্যরা পরপর তিন বৎসরের পর কার্যকরী কমিটিতে থাকতে

বা 'Nomination' দিতে পারবে না। তাদের এক বৎসরের জন্য Cooling off period এ যেতে হবে। তারপর তারা পুনরায় কার্যকরী কমিটিতে আসতে পারবে। প্রতিদিনের কাজের ক্ষেত্রে আমাদের সংস্থায় Man power দিন দিন এত কমে যাচ্ছে যে, দুই-তিন জনের উপর প্রভূত চাপ পড়ে যাচ্ছে। এই দুই-তিন জন সরে গেলে সংস্থার কাজের লোকের(সমস্যা) অভাব হবে।

এমত অবস্থায় আমার বিশেষ প্রস্তাব যে পূর্বের প্রস্তাবটি (যা নিম্নে দেওয়া আছে) একমাত্র সম্পাদকের ক্ষেত্র ছাড়া বাকী অংশ (প্রস্তাব) টি বাতিল করা হোক।

প্রস্তাবক

শ্রী শ্যামসুন্দর চ্যাটার্জী

আজীবন সদস্য ও সহ সম্পাদক

সমর্থনে

শ্রী মুরারী গুহ

আজীবন সদস্য

Rule :

For anyone(Except Hony. General Secretary) who has been in the Executive Committee for three consecutive terms shall not be eligible for re-election or nomination as a member of The Executive Committee until at least a year has elapsed.

This restriction shall not apply to the non elected (Ex-officio) member of the Executive Committee of Association.

For Hony. General Secretary his terms of office is maximum consecutive three years if he is elected, if so after consecutive three years he shall not be eligible for re-election or nomination as a member of the Executive Committee until at least a year has elapsed since the expiry of his second term.

But he may remain as an ex-officio member only having no office-bearer post in the 4th year.

And in the next year he must come under the colling off period of one years.

Dt. : 16/03/2022

**Seconded by
Ajit Kr. Saha
Life Member**

**Proposed by
Swapan Kr. Basu
Life Member**

২। ভলিবল প্রতিযোগিতার মানোন্নয়ন বিষয়ক প্রস্তাব :-

ক। প্রতি দলকে ২ জন করে মহকুমার ভৌগলিক সীমার বাইরে কিন্তু পশ্চিমবঙ্গের অধিবাসী খেলোয়াড়কে অন্তর্ভুক্তি করার অনুমতি দেওয়া হোক।

খ। প্রতিটি দলে অন্তত ১ জন অনূর্ধ্ব ১৬-র খেলোয়াড়কে অন্তর্ভুক্তি করাতে হবে ও খেলায় অংশগ্রহণের সুযোগ দেওয়া বাধ্যতামূলক করতে হবে।

সমর্থন

শ্রী শ্যামসুন্দর চ্যাটার্জী

আজীবন সদস্য

প্রস্তাবক

পুলক সাহা

আজীবন সদস্য

আলোচ্য সূচি ৫ নং সূচি অনুসারে সংবিধানের ১০(১) ধারা অনুসারে বিনা প্রতিদ্বন্দ্বিতায় শ্রী অভিজিৎ বিশ্বাস (বিবেক সংঘ) সংস্থার ২০২৫-২৬ ক্রীড়াবর্ষের জন্য সহ-সভাপতি নির্বাচিত হন।

ঐ একই সূচি অনুসারে সংবিধানের ১০(২) ধারা অনুসারে আজীবন সদস্যদের তরফে — ১) মাননীয় শ্রী অশনি মুখোপাধ্যায়, ২) মাননীয় শ্রী সমীর আইচ, ৩) মাননীয় শ্রী সম্ভু সিন্হা, ৪) মাননীয় শ্রী সুবীর ঘোষ মহাশয়গণ বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংস্থার ২৫-২৬ ক্রীড়াবর্ষের জন্য সহ-সভাপতি নির্বাচিত হন।

আলোচ্য সূচির ৬ নং সূচি অনুসারে সংবিধানের ১০(১) ধারা অনুসারে নিম্নলিখিত সদস্যগণ ২০২৫-২৬ ক্রীড়া বর্ষে সংস্থার কার্যকরী সমিতির সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

১। শ্রী শৌভিক আইচ	(সুভাষ ইনস্টিটিউট)
২। শ্রী প্রলয় কুমার বিশ্বাস	(Ex-officio) (বারাসাত তরুণ সংঘ)
৩। শ্রী ইন্দ্রজিৎ নাগ	(দি বারাসাত এ্যাসোসিয়েশন)
৪। শ্রী মুরারী গুহ	(ব্রতী সংঘ)
৫। শ্রী রূপক ঘোষ	(মিলনী)
৬। শ্রী জয়ন্ত গাইন	(বিড়াপল্লী সংঘ)
৭। শ্রী অভিজিৎ ঘোষ	(বিবেকানন্দ সেবা সমিতি)
৮। শ্রী উত্তম দে	(চড়কডাঙ্গা যুবগোষ্ঠী)
৯। শ্রী ইন্দ্রনীল ভদ্র	(শরণী গোষ্ঠী)

আলোচ্য সূচির ৭ নং সূচি অনুসারে মহকুমা ক্রীড়া সংস্থার ২০২৫-২৬ ক্রীড়া বর্ষের আর্থিক বৎসরের হিসাব পরীক্ষক হিসাবে C.A. Mr. Kamallesh Mitra, Partner M/s. AUTO & CO., 2B.M.G. Road (Top floor), Kolkata 700009 এর নাম পরিচালক মণ্ডলী প্রস্তাব করলে উপস্থিত সদস্যরা একযোগে তাহা অনুমোদন করেন।

আলোচ্য সূচির ৮ নং সূচিতে কোন আলোচ্য বিষয় না থাকায় সাধারণ সভার সভাপতি মহাশয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

ক্রম সংখ্যা- ২ ২০২৫-২৬ ক্রীড়া বর্ষের কার্যকরী সমিতির ১ম সভা

২০২৫-২৬ ক্রীড়াবর্ষের কার্যকরী সমিতির ১ম সভা অনুষ্ঠিত হবে সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পর। উক্ত দিনে ঐ সভাগৃহে এবং নিম্নলিখিত কার্যাবলী গ্রহণের জন্য আলোচনা এবং কার্যকরী সমিতির নির্বাচিত সদস্যগণের মধ্য থেকে নিম্নলিখিত পদাধিকারীগণ নির্বাচিত হবেন।

- ১। ক্রীড়া সংস্থার আজীবন সদস্যগণের মধ্য থেকে ৪ জন সদস্যের কার্যকরী সমিতিতে অন্তর্ভুক্তি (কো-অপ্ট)
- ২। বিভাগীয় অনুমোদন প্রাপ্ত সংগঠনগুলির মধ্য থেকে একজন প্রতিনিধির কার্যকরী সমিতিতে অন্তর্ভুক্তি (কো-অপ্ট)।
- ৩। নির্বাচিত সহ-সভাপতিগণের মধ্য থেকে একজন কার্যকরী সভাপতি নির্বাচন।
- ৪। অবৈতনিক সাধারণ সম্পাদক নির্বাচন
- ৫। অবৈতনিক সহকারী সাধারণ সম্পাদক নির্বাচন
- ৬। কোষাধ্যক্ষ নির্বাচন
- ৭। ক) ফুটবল সম্পাদক, খ) ক্রিকেট সম্পাদক, গ) স্পোর্টস সম্পাদক, ঘ) ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, সাঁতার সম্পাদক নির্বাচন।

In absent of Working President of our Association, Vice President Mr. Subir Ghosh presided over the 1st Executive Committee Meeting 2025-26 :-

Agenda No. 1:-

(i) Mr. Ajit Kumar Saha proposed the name and following 4(four) persons under Rule 10(ii) to co-option in the Executive Committee for the year 2025-26, (1) Sri Ajit Saha, (2) Swapan Kumar Sarkar, (3) Sri Sumit Dasgupta, (4) Sri Shyam Sundar Chatterjee. The above proposal was duly seconded by Mr. Pralay Kr. Biswas. As there was no others proposal, the above named four persos were co-opted in the Executive Committee for the year 2025-26.

Agenda No. 2 :-

Mr. Sumit Dasgupta proposed he name of Sri Rabi Chandra Nath Represetative of Sectional Units of our Association in the Executive Committee for the year 2025-26, which was duly seconded by Sri Shyam Sundar Chatterjee, member. As there was no other proposal Sri Rabi Ch. Nath was elected as a member of Executive Committee for the year 2025-26.

Agenda No. 3 :-

Sri Ajit Saha proposed the name of Sri Asani Mukhopadhyay as a Working President of our Association for the year 2025-26 of the Executive Committee, which was duly seconded by Pralay Kr. Biswas. There wa no others proposal arise Mr. Asani Mukhopadhyay was elected as Working President of our Association for the year 2025-26.

Agenda No. 4 :-

Sri Shyam Sundar Chatterjee proposed the name of Sri Pralay Kr. Biswas as Hony. General Secretary of our Association for the year 2025-26. wich was duly seconded by Sri Sumit Dasgupta member. As there was no others proposal, Mr. Pralay Kumar Biswas was elected as Hony. General Secretary of our Association for the year 2025-26.

Agenda No.5 :-

Sri Pralay Kumar Biswas proposed the name of Sri Shyam Sundar Chatterjee member as Hony. Assistant General Secretary of our Association for the year 2025-26, which was duly seconded by Sri Suumit Dasgupta member. As there was no others proposal Sri Shyam Sundar Chatterjee was elected as Hony. Assistant General Secretary of our Association for the year 2025-26.

Agenda No.6 :-

Hony Treasurer of our Association for the year 2025-26 Mr. Ajit Kr. Saha proposed the name of Sri Swapan Kumar Sarkar, which was duly seconded by Sumit Dasgupta, member. As there was no other name arise, Mr. Swapan Kumar Sarkar was elected as Hony Treasurer of our Association for the year 2025-26.

Agenda No.7 :-

Sri Shyam Sundar Chatterjee proposed the name of

- 1) Sri Indrajit Nag as Hony Football Secretary,
- 2) Sri Rabi Chandra Nath as Hony Cricket Secretary
- 3) Sri Souvik Aich as Hony. Athletic(Sports) Secretary
- 4) Sri Murari Guha as Hony. Vollyball, Badminton, T.T. & Swimming Secretary. As there was no other proposal arrived so all the above named were elected as under for the year 2025-26.

As there is no other agenda to duscuss in the meeting, the meeting was ended with a vote of thanks to the chair.

(Pralay Kumar Biswas)
Hony. General Secretary
Barasat Sub-Division Sports Association

বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

রেজিঃ অফিস :-
সন্তোষ ক্রীড়া ভবন,
বনমালিপুৰ, বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

(স্থাপিত- ১৯৪০)
রেজিঃ নং- SO 165180



বুলেটিন

সিটিঅফিস :-
কে.এন.সি.রোড
(হরিভলা মোড়), বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

সংখ্যা- ২

৮৬ তম বর্ষ

ক্রীড়াবর্ষ - ২০২৫-২০২৬

তারিখ : ১৬/০৪/২০২৫

ফুটবল খেলোয়াড়দের দলবদল

২০২৫-২০২৬ ক্রীড়াবর্ষের জন্য প্রত্যেক ফুটবল খেলোয়াড়কে (দলবদলে অংশগ্রহণ না করলেও) নতুন পরিচয়পত্র করতে হবে। পরিচয়পত্র (I Card) করার সময় ফুটবল খেলোয়াড়কে নতুন করে তাদের বাসস্থানের প্রমাণপত্র হিসাবে নীচে উল্লিখিত যে কোন একটির জেরক্স কপি সঙ্গে দিতে হবে। জমা দেওয়ার সময় অরিজিন্যাল নিয়ে আসতে হবে। অন্যথায় খেলোয়াড়কে রেজিস্ট্রেশন করানো যাবে না।

- ১। নিজস্ব আধারকার্ড (উভয় দিক)
- ২। নিজস্ব ভোটার কার্ড (উভয় দিক)
- ৩। নিজস্ব পাসপোর্ট
- ৪। ড্রাইভিং লাইসেন্স

দলবদল এবং একই সাথে এর নিয়ম

আগামী তারিখ থেকে অফিসের কার্যের সময় সন্ধ্যা ৭টা থেকে রাত্রি ৮টা ৩০ মিনিট হরিভলা অফিস থেকে খেলোয়াড়দের পরিচয়পত্র অগ্রিম সংগ্রহ করা যাবে। প্রত্যেক খেলোয়াড়ের পরিচয় পত্রের মূল্য মাত্র ২০/- (কুড়ি টাকা)। দলবদলের দিনগুলিতে পরিচয়পত্র সন্তোষ ক্রীড়াভবন থেকে পাওয়া যাবে।

দলবদলে অংশগ্রহণকারী প্রত্যেক ফুটবল খেলোয়াড় এবং দলবদলে অংশগ্রহণ না করা খেলোয়াড়কে একই ধরনের দু-কপি পাসপোর্ট অথবা স্ট্যাম্প সাইজ সাম্প্রতিক Colour ফটো আনতে হবে এবং বাসস্থানের প্রমাণপত্র স্বরূপ উপরে উল্লিখিত বিষয়গুলির যেকোন একটির জেরক্স কপি আর এবং অরিজিন্যাল নিয়ে আসতে হবে। কেবলমাত্র খেলোয়াড়ের সহি অফিসিয়ালদের সামনে করতে হবে।

ফুটবল খেলোয়াড় দলবদল ২০২৫-২৬

দলবদলের দিন : ২৮শে এপ্রিল, ২০২৫ সোমবার থেকে ৪ঠা মে, ২০২৪ রবিবার (বৃহস্পতিবার ৯ই মে বাদে) প্রত্যেক দিন সন্ধ্যা ৬টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত।

স্থান : সন্তোষ ক্রীড়াভবন, বনমালিপুৰ, বারাসাত।

স্বাক্ষর প্রত্যাহারের দিন : স্বাক্ষরের দিন বাদে তার পরবর্তী কার্যকরী দুদিন।

সময় : প্রত্যেক দিন সন্ধ্যা ৬টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত।

স্থান : সন্তোষ ক্রীড়াভবন, বনমালিপুৰ, বারাসাত।

দলবদল ফি : খেলোয়াড় প্রতি ৫০/-

প্রত্যাহার ফি : খেলোয়াড়পিছু ১০০/-

শ্রী শ্যামসুন্দর চ্যাটার্জী

শ্রী শ্যামসুন্দর চ্যাটার্জী
অবৈতনিক সহ-সাধারণ সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

শ্রী প্রলয় কুমার বিশ্বাস

শ্রী প্রলয় কুমার বিশ্বাস
অবৈতনিক সাধারণ সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা